

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৪০]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجَد)

পরিচ্ছেদঃ ৪৫: মিম্বারের ওপর সালাত আদায় করা

الصلاة على المنبر

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّتَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قال: حَدَّتَنِي أَبُو حَازِمِ بْنُ دِينَانٍ، أَنَّ رِجَالًا أَتُوْا سَهْلَ بْنَ سَعْدِ السَّاعِدِيَّ وَقَدِ امْتَرَوْا فِي الْمِنْبِرِ مِمَّ عُودُهُ، فَسَأَلُوهُ عَنْ ذَلِكَ، وَقَالَ: وَاللَّهِ إِنِّي لَأَعْرِفُ مِمَّ هُو، وَلَقَدْ رَأَيْتُهُ أَوَّلَ يَوْمٍ وُضِعَ وَأَوَّلَ يَوْمٍ جَلَسَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى فُلَانَةَ امْرَأَةٍ قَدْ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى فُلَانَةَ امْرَأَةٍ قَدْ سَمَّاهَا سَهْلٌ أَنْ مُرِي غُلامَكِ النَّجَّارَ أَنْ يَعْمَلَ لِي أَعْوَادًا أَجْلِسُ عَلَيْهِنَّ إِذَا كَلَمْتُ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى وَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْنَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْنَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقُعْرَكِ النَّاسَ فَقَالَ: يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا الْمُنْبَرِ، ثُمَّ عَادَ، فَلَمَّا فَرَغَ أَقْبُلَ عَلَى النَّاسِ، فَقَالَ: يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا الْتُعْفَلَ عَلَى النَّاسُ إِنَّمَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا النَّاسُ إِنَّا النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَالْتَعْمُولَ عَلَيْهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ۱۸ (۳۷۷)، ۲۲ (۳۲۸)، الجمعة ۲٦ (۹۱۷)، البيوع ۳۲ (۲۰۹۳)، صحيح مسلم/المساجد ۱۰ (۵۴۳)، سنن ابى داود/الصلاة ۲۲۱ (۱۰۸۰)، (تحفة الأشراف: ۳۷۷۵)، مسند احمد ۳۳۹/۵، سنن الدارمی/الصلاة ۳۵ (۱۲۹۳) (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 740 _ صحيح



৭৩৯. কুতায়বাহ্ (রহ.) আবৃ হাযিম ইবনু দীনার (রহ.) হতে বর্ণিত। কয়েকজন লোক সাহল ইবনু সা'দ আসসাইদী (রাঃ)-এর নিকট আসলেন, তাঁরা মিম্বারের বিষয়ে সন্দেহ করতে লাগল যে, তার কাঠ কোথা থেকে আনা হয়েছে। তাঁরা তাঁকে এ সম্বন্ধে প্রশ্ন করলে তিনি বললেন, আল্লাহর শপথ! আমি জানি কোথা থেকে আনা হয়েছে। প্রথম যেদিন তা স্থাপন করা হয় এবং প্রথম যেদিন রাসূলুল্লাহ (সা.) তাতে বসেন সেদিন আমি তা দেখেছিলাম। রাসূলুল্লাহ (সা.) জনৈক মহিলার নিকট লোক পাঠিয়ে বললেন যে, তোমার কাঠমিন্ত্রি চাকরকে আদেশ কর, সে যেন আমার জন্যে একটা কাঠের মিম্বার তৈরি করে দেয়, যখন লোকের সাথে কথা বলবো আমি তার উপর বসবো। ঐ রমণী তাকে আদেশ করলে সে গাবা অরণ্যের ঝাউ বৃক্ষের কাঠ দ্বারা তা তৈরি করলো। তারপর তা নিয়ে সে মিন্ত্রি আসলো। সে মহিলা তা রাসূলুল্লাহ (সা.) -এর নিকট প্রেরণ করলে রসূলুল্লাহ্ (সা.)-এর নির্দেশে তা এখানে স্থাপন করা হয়। তারপর আমি রাসূলুল্লাহ (সা.) -কে তাতে আরোহণ করে সালাত আদায় করতে দেখেছি। তিনি এর উপর থেকেই তাকবীর বললেন ও রুকু করলেন। তারপর তিনি পেছনে সরে মিম্বারের মূলে সাজদাহ করলেন। তিনি পুনরায় মিম্বারে ফিরে আসলেন। তারপর তিনি সালাত শেষ করে লোকের দিকে মুখ করে বললেন, হে লোক সকল! আমি এমন করলাম যাতে তোমরা আমার অনুসরণ করতে পার এবং তোমরা আমার সালাত দেখে তা তোমরা শিখতে পার।

English

45. Praying On The Minbar

Abu Hazim bin Dinar narrated that some men came to Sahl bin Sa'd As-Sa'idi. They were wondering what kind of wood the Minbar was made of, so they asked him about that. He said: By Allah, I know what it is made of. I saw it the first day it was set up and the first day the Messenger of Allah (*) sat on it. The Messenger of Allah (*) sent word to so-and-so - a woman whose name Sahl mentioned - telling her: 'Tell your carpenter slave to make me something of wood that I can sit on when I speak to the people.' So she told him, and he made it from tamarisk wood from Al-Ghabah (a place near Al-Madinah). Then he brought it and it was sent to the Messenger of Allah (*), who commanded that it be set up here. Then I saw the Messenger of Allah (*) ascend it and praying on it, and saying the Takbir while he was on top of it, then he bowed when he was on top of it, then he came down backward and prostrated at the base of the Minbar, then he went back. When he had finished he turned to face the people and said: 'O people, I only did this so that you can follow me in prayer and learn how I pray.'

ফুটনোট



সহীহ: বুখারী ৯১৭, মুসলিম ৫৪৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হাযিম ইবনু দ্বীনার (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন